দর্শনায় বীর মুক্তিযোদ্ধার ইন্তেকাল, রাষ্ট্রীয় মর্যাদায় দাফন

দর্শনা আনোয়ারপুর নিবাসি বীর মুক্তিযোদ্ধা আবুল কাশেম চিশতি
(৭৬) চিকিৎসাধীন অবস্হায় কেরুজ হাসপাতালে গতকাল দুপুরে ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।

মৃত্যুকালে ৩ ছেলে ২ মেয়ে সহ তিনি অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন। ঐদিন বিকালে কেরুজ ক্লাব মাঠে দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার জনাব ওবাইদুর রহমান সাহেল ও একদল জেলা পুলিশের গার্ড অব অনার প্রদানের পর পূর্ণ রাষ্ট্রীয় মর্যাদায় নিজ গ্রাম চন্ডিপুর খামার পাড়ায় বাবার পাশে রাত ৯ টার দিকে সমাহিত করা হয়।

এসময় দর্শনা থানা বিএনপির সভাপতি বীর মুক্তিযোদ্ধা খাজা আবুল হাসানাত, বীর মুক্তিযোদ্ধা জাহাঙ্গীর আলম, ফজলুর রহমান, বদরুল আলম ফিট্টু, এরশাদ মাস্টার, আঃ খালেক, কুষ্টিয়া লালন একাডেমীর আলম হোসেন, আবু জাফর সাইদ, জুলফিকার, আলমডাঙার হাফিজ মাস্টার, চুয়াডাঙ্গা ওহিদ স্টোরের মালিক ওহিদুল ইসলাম চিশতি, বাংলাদেশ টেলিভিশনের লোকসংগীত শিল্পী ও বাউল পরিষদের সভাপতি মনিরুজ্জামান ধীরু বাউল সহ কয়েক”শ” মানুষ জানাজায় অংশ গ্রহণ করেন।

উল্লেখ বীর মুক্তিযোদ্ধা আবুল কাশেম চিশতি চুয়াডাঙ্গা জেলার একমাত্র লোকজ সাংস্কৃতিতে শিল্পকলা পদকপ্রাপ্ত সংগঠন দর্শনা বাউল পরিষদের উপদেস্টা মন্ডলির সদস্য ছিলেন।

দর্শনা আকন্দবাড়িয়ার জামাত আলি ঢাকা পঙ্গু হাসপাতালে

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

দর্শনায় একের পর এক চুরি, এলাকাবাসীর মধ্যে আতঙ্ক

চুয়াডাঙ্গার দর্শনায় আবারো চুরির ঘটনা ঘটেছে। কোনভাবেই যেন থামছে না এই চুরি। চুরি ঠেকাতে বাড়িতে সিসি ক্যামেরা স্থাপন কিন্তু অবশেষে সিসি ক্যামেরায় চুরি হয়ে গেছে।

এ ঘটনায় জনমনে চরম আতঙ্ক বিরাজ করছে। গত শুক্রবার রাতে দর্শনা পৌর এলাকার ঈশ্বরচন্দ্রপুর ঈদগা পাড়ায় এই দুঃসাহসিক চুরির ঘটনা ঘটেছে। এ ঘটনায় দর্শনা থানায় একটি লিখিত অভিযোগ দেওয়া হয়েছে।

পৌর এলাকার ঈশ্বরচন্দ্রপুর ঈদগা পাড়ার মৃত মহি উদ্দীনের ছেলে পল্লী চিকিৎসক শাহিন হোসেনের বাড়িতে এই চুরি সংঘটিত হয়।

বাড়ির মালিক শাহিন হোসেন জানান, গত ২৬/১২/২০২৫ তারিখ শুক্রবার রাত ১১:৪৫ ঘটিকার সময় অজ্ঞাত চোর আমার নিজ বসত ঘরের দেওয়ালে থাকা আমাদের নিজস্ব ইলেকট্রিকস সিসি টিভি ক্যামেরা ভেঙ্গে নিয়ে চলে যায়। পরে সকালে দেখতে পেলে স্থানীয় সাংবাদিকদের খবর দেন তিনি। এরপর দর্শনা থানায় একটি লিখিত অভিযোগ দায়ের করেন তিনি।

তিনি আরও বলেন, আমার পাশের বাড়ির ইদ্রিসের সাথে ১ সপ্তাহ আগে বাকবিতন্ডা হয়। আমার ধারনা সে আমার উপরে রাগের বশবর্তী হয়ে এ ঘটনা ঘটিয়েছে।

অন্যদিকে, গত ১৯/১২/২০২৫ইং তারিখে শুক্রবার দুপুর ১ টা ৪০ মিনিটের দিকে দর্শনা প্রেসক্লাবের সামনে বিসমিল্লাহ ইলেকট্রিক দোকানে নামাজের সময় চুরির ঘটনা ঘটেছে এবং তার প্রায় ১০-১৫ দিন আগে কেরুজ মিল গেটের সামনে হাজী আব্দুল কাদের এর দোকানেও ঠিক দুপুরে নামাজের সময় এরকম চুরির ঘটনা ঘটেছে। এছাড়াও দর্শনা থানা এলাকায় রেলবাজারের বিভিন্ন দোকানে ও বিভিন্ন গ্রামে দিনে-রাতে একের পর এক চুরির ঘটনা ঘটেই চলেছে।

এ নিয়ে জনমনে চরম আতঙ্ক বিরাজ করছে। আবার এদিকে চুরি ঠেকাতে বাড়িতে ও ব্যবসা প্রতিষ্ঠানে অনেকেই সিসি ক্যামেরা স্থাপন

করেছেন। কিন্তু এবার সিসি ক্যামেরা চুরির ঘটনা ঘটায় সচেতন মহলেও চরম সমালোচনা ও আতঙ্ক বিরাজ করছে।

এ বিষয়ে দর্শনা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোঃ মেহেদী হাসান বলেন, এই চুরির ঘটনায় একটি লিখিত অভিযোগ পেয়েছি। তবে সাধারণ মানুষের উদ্দেশ্য করেও তিনি বলেন, সকলকে একটু সজাগ থেকে পুলিশকে সহায়তা করবেন আর বিশেষ করে দিনের বেলায় চুরির ঘটনায় নিজেদের আরও সজাগ হতে হবে।

তিনি আরও বলেন, এর আগেও অন্যান্য চুরির ঘটনায় চোর সনাক্ত করে চুরিকৃত মালামাল উদ্ধার করা হয়েছে। আর এই চুরি সহ পূর্বের চুরির ঘটনার বিষয়ে চোর সনাক্ত করে আইনের আওতায় আনার চেষ্টা অব্যাহত রয়েছে।

দর্শনা কেরু চিনিকলে ট্রাক্টরের টায়ার বিস্ফোরণ, দুই শ্রমিক আহত

দর্শনা কেরু অ্যান্ড কোম্পানি (বাংলাদেশ) লিমিটেডের গ্যারেজে ট্রাক্টরের টায়ার ফেটে দুই শ্রমিক গুরুতর আহত হয়েছেন। আজ রবিবার সকাল ১০টার দিকে কেরু হাওয়া ঘরে টলি ট্রাক্টরের টায়ার খোলার সময় এ দুর্ঘটনা ঘটে।

দুর্ঘটনার পরপরই আহত দুই শ্রমিককে কেরু চিনিকলের একটি পিকআপে করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নেওয়া হয়। সেখানে কর্তব্যরত চিকিৎসক প্রাথমিক চিকিৎসা শেষে তাদের অবস্থা গুরুতর হওয়ায় উন্নত চিকিৎসার জন্য ঢাকার পঙ্গু (এনআইটিওআর) হাসপাতালে রেফার্ড করেন।

আহত শ্রমিকরা হলেন দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের রোঘুনাথপুর গ্রামের নাসীর উদ্দিন (৩৫) এবং শ্যামপুর গ্রামের সাকা বিশ্বাসের ছেলে শাহাবুদ্দিন ওরফে বশির উদ্দিন (৫০)।

কেরু গ্যারেজের ইঞ্জিনিয়ার আবু সাঈদ তাৎক্ষণিকভাবে আহতদের উদ্ধার

করে কেরুর একটি পিকআপে করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে পাঠান।

ঘটনার খবর পেয়ে কেরু চিনিকলের শ্রমিক নেতৃবৃন্দ আহত শ্রমিকদের সুচিকিৎসার খোঁজখবর নেন। পাশাপাশি কেরু চিনিকলের ব্যবস্থাপনা পরিচালক রাব্বিক হাসান আহত দুই শ্রমিকের খোঁজখবর নেন এবং তাদের চিকিৎসা ব্যয়ের জন্য কোম্পানির পক্ষ থেকে আর্থিক সহায়তার আশ্বাস দেন।

কোম্পানির পক্ষ থেকে চিকিৎসা ব্যয় বহনের সিদ্ধান্তে শ্রমিক-কর্মচারীরা ব্যবস্থাপনা পরিচালকের উদ্যোগকে সাধুবাদ জানিয়েছেন।

দর্শনার পরানপুরে যুবকের গলায় ফাঁস দিয়ে আত্মহত্যা

দর্শনা উপজেলার পরানপুর গ্রামে এক যুবক গলায় ফাঁস দিয়ে আত্মহত্যা করেছেন। গতকাল শনিবার দিবাগত গভীর রাতের কোনো এক সময় এ ঘটনা ঘটে।

নিহত যুবকের নাম আসানুল ইসলাম ওরফে রাজা মিয়া (২৫)। তিনি পরানপুর গ্রামের জামিরুল ইসলামের ছেলে। জানা গেছে, গভীর রাতে তিনি মায়ের দেওয়া ভাত না খেয়েই ঘরের আড়ার সঙ্গে গামছা পেঁচিয়ে আত্মহত্যা করেন। মৃত্যুর সময় তার মোবাইল ফোনে ভিডিও চালু ছিল এবং কানে হেডফোন লাগানো ছিল।

নিহতের মা রোজিনা খাতুন জানান, তিনি রাতে ছেলের খাটের পাশে ভাতের থালা রেখে আসেন। থালায় ছিল ভাত, পালন শাক ও এক টুকরা মাছ। সকালে দেখা যায়, ভাতের থালাটি যেভাবে রাখা হয়েছিল, সেভাবেই অক্ষত ছিল।

আজ রবিবার সকাল সাড়ে ১০টার দিকে পরিবারের সদস্যরা রাজার ঝুলন্ত মরদেহ দেখতে পান। পরে মরদেহটি নামিয়ে দর্শনা থানায় নিয়ে যাওয়া হয়। সুরতহাল প্রতিবেদন শেষে বেলা ১১টার দিকে ময়নাতদন্তের জন্য চুয়াডাঙ্গা সদর হাসপাতালের মর্গে পাঠানো হয়।

এ ঘটনার পর জামিরুল ইসলামের বাড়িতে শত শত মানুষ ভিড় করেন। নিহতের স্ত্রী রেশমা খাতুন বলেন, রাতে আমার সঙ্গে সে ভালোভাবেই কথা বলেছে। কোনো অস্বাভাবিক কিছু বুঝতে পারিনি।

স্থানীয় সূত্রে জানা গেছে, রাজা মিয়া ঢাকায় একটি ট্রান্সপোর্টে চাকরি করতেন। তবে গত কোরবানির ঈদে বাড়িতে এসে আর ঢাকায় ফিরে যাননি। তিনি বর্তমানে বেকার ছিলেন।

দর্শনা থানার অফিসার ইনচার্জ (ওসি) সুলতান মেহমুদ জানান, নিহতের শ্বশুরবাড়ির সঙ্গে কিছু পারিবারিক ঝামেলা ছিল বলে প্রাথমিকভাবে জানা গেছে। বিষয়টি খতিয়ে দেখতে ময়নাতদন্ত করা হচ্ছে। ময়নাতদন্ত শেষে মরদেহ পরিবারের কাছে হস্তান্তর করা হবে এবং পরে দাফন সম্পন্ন করা হবে বলে জানিয়েছে পুলিশ।

দর্শনা মৌচাক সমাজ উন্নয়ন সংস্থার উদ্যোগে স্যানিটেশন উন্নয়ন কর্মসূচির উঠান বৈঠক

দর্শনা মৌচাক সমাজ উন্নয়ন সংস্থার উদ্যোগে স্যানিটেশন উন্নয়ন কর্মসূচির উঠান বৈঠক অনুষ্ঠিত হয়েছে।

আজ সকাল ১১টায় কালিদাসপুর আদীবাসী পাড়ায় পূজা মন্ডপের সামনে এ উঠান বৈঠক অনুষ্ঠিত হয়। এ বৈঠকে নিবার্চিত ১৭ জন নারী ও পুরুষ অংশ নেয়। এছাড়া আজ শনিবার থেকে প্রথম ধাপে ১০ এবং দ্বিতীয় ধাপে ৭জনকে আরো বিনামূল্যে সেমি পাকা ল্যাট্রিন নির্মাণ করে দেওয়া হবে বলে নিবার্হী পরিচালক জানান।

স্বাস্থ্য ও স্যানিটেশন বিষয় আলোচনা করেন, সংস্থার সাধারণ সম্পাদক আতিকুজ্জামান পান্না ও মৌচাক সমাজ উন্নয়ন সংস্থার ম্যানেজার মকবুল হোসেন। অনুষ্ঠান পরিচালনা করেন, জিল্লুর রহমান।

[redacted]

[redacted]

একই পরিবারের বাসিন্দা মৃত খাদিম খা’র মেয়ে গুলশান বিবি (৯০), মৃত শেখ হারুনের ছেলে শেখ জব্বার (৭০), মৃত শেখ হোসেনের মেয়ে আলকুম বিবি (৬৫), শেখ জব্বারের ছেলে শেখ উকিল (৪০), মৃত শফিক খানের মেয়ে সাবেরা বিবি (৩৫), শেখ উকিলের মেয়ে শাকিলা খাতুন (১১), শেখ জব্বারের ছেলে শেখ হাকিম (৪৫), মৃত শেখ ইসরাফিলের মেয়ে সামসেরি বিবি (৪০), শেখ জব্বারের ছেলে শেখ রাজা (৩০), মৃত শেখ আলিমের মেয়ে মেহেরুন বিবি (২৫), শেখ রাজার মেয়ে নাসরিন পারভিন
(১২) এবং দুই ছেলে শেখ তৌহিদ (১১) ও শেখ রহিদ (০২) এবং শেখ জব্বারের ছেলে শেখ বান্টি (২৮)।

দর্শনার জয়নগর মাঠ থেকে পরিত্যক্ত অবস্থায় ৫৮ বোতল ফেনসিডিল উদ্ধার

দর্শনা ৬ বিজিবি অভিযান চালিয়ে জয়নগর মাঠ থেকে পরিত্যক্ত অবস্থায় ৫৮ বোতল ভারতীয় ফেনসিডিল উদ্ধার করেছে।

গতকাল বৃহস্পতিবার দুপুর ১ টার দিকে দর্শনা জয়নগর আইসিপি ক্যাম্প কমান্ডার এনামুল কবিরের নেতৃত্বে অভিযান চালায় জয়নগর মাঠে। এ সময় বিজিবি কয়েকজন লোক মাঠে ঘাস বোঝায় করে নিয়ে যাচ্ছে।এতে করে বিজিবির সন্দেহ হলে তাদেরকে দাঁড়াতে বলে তারা ঘাসের বস্তা ফেলে দিয়ে দৌড়ে পালিয়ে যায়।

পরে বিজিবি ঘাসের বস্তা খুলে ৫৮ বোতল ভারতীয় ফেনসিডিল উদ্ধার করে। এ ঘটনায় তারা কোনো চোরাচালানীকে আটক করতে পারেনী।

দর্শনায় প্রতিনিয়ত মাইকিং এর শব্দে জন-জীবন অতিষ্ট

দর্শনা পৌরসভা শহর ও গ্রাম গুলো প্রতিনিয়ত মাইকিং এর শব্দে জন-জীবন অতিষ্ট হয়ে উঠেছে। প্রতিদিন সকাল থেকে রাত ৯টা পর্যন্ত নানা ধরণের পণ্য বিক্রী, স্কুলে ভর্তি, ডাক্তার বসার চেম্বর, ওয়াজ মাহফিল, দোকানের বিজ্ঞপ্তিসহ নানা ধরণের মাইকিং চলতে থাকে।

সকাল হলেই, ডাক্তার বসার চেম্বর, কিন্ডার গার্ডেন মাদ্রাসা, স্কুলে ভর্তি, বিভিন্ন পণ্যে বিক্রী বিশেষ করে, মাছ বিক্রী, বিচালী বিক্রী, মহিষের মাংস বিক্রী, বৈদ্যুাতিক বাল্ব বিক্রী, প্লাষ্টিক পন্য বিক্রী, ওয়াজ মাহফিল, হারানো বিজ্ঞপ্তি, ভাংড়ি ক্রয়, দাদী ও নানীর হাতের পুরানো কাঁথা ক্রয়, কাঁচা তরিতরকারী বিক্রীসহ নানা রকম পণ্যে, ডিম বিক্রী, হাঁসের বাচ্ছ বিক্রী, আলু পটল বা সবাজি বিক্রী,ল্যাপ তোষক বিক্রী ও বিজ্ঞতির মাইকিং চলতে থাকে শহর জুড়ে।

ফলে জন-সাধারণ বিশেষ আসুস্থ্য রোগি, শিশু ও বৃদ্ধ মানুষ প্রচন্ড অস্থিরতার মধ্যে দিন পার করছে। এছাড়া পথ চলতি মানুষ চরম শব্দ দুষনে অস্বস্থিতায় ভুগছে। ফলে পৌরবাসী প্রসাশনের নিকট দাবী করে অতি সত্তর এ শব্দ দুষন থেকে যাতে রক্ষা পায় তার সুব্যস্থা করে স্থতি দেয় এ প্রত্যাশা করেন।

শহরের ব্যবসায়ী শের আলী বলেন, মাইকিং শব্দে কান একেবারে ঝালা- পালা হয়ে গেলো, পরানপুর গ্রামের অসুস্থ্য কালু মিয়া বলেন, ভাই মাইকিং এর এত শব্দ আর সহ্য হচ্ছে না। এছাড়া দর্শনা শহরের ক্লিনিক গুলোতে রোগিরা মাইকিং এর শব্দে অস্থির হয়ে পড়ছে।

দর্শনা থানার অফিসার্স ইনচার্জ সুলতান মাহমুদ মাইকিং বন্ধের বিষয় জানতে চাইলে উপজেলা নিবার্হী অফিসার যদি মোবাইল কোর্ট করে তাহলে আমরা তাকে সহায়তা করতে করবো। এছাড়া গভীর রাতে উচ্চস্বরে কেউ মিউজিং বা সাউন্ড বক্র বাজায় তাহলে আমরা পদক্ষেপ নিতে পারবো।

দর্শনা পৌরসভার প্রশাসক হিসেবে যোগদান করলেন এসিল্যান্ড শাহিন আলম

দর্শনা পৌরসভার প্রশাসক হিসাবে যোগদান করলেন দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার (ভূমি) শাহিন আলম।

গতকাল মঙ্গলবার দুপুর ১ টায় দর্শনা পৌরসভা কার্যালয়ে উপস্থিত হয়ে তিনি দ্বায়িত্ব গ্রহণ করেন। গত ১৭ ডিসেম্বর দর্শনা পৌরসভার প্রশাসক তাসফিকুর রহমান নড়াইল জেলার সদর উপজেলা সহকারী কমিশনার (ভূমি) হিসাবে বদলী হন। একই পদে ঝিনাইদহ জেলার কালিগঞ্জ উপজেলার সহকারী কমিশনার (ভূমি) শাহিন আলম দর্শনা পৌর প্রশাসক হিসাবে দায়িত্ব প্রাপ্ত হন।

প্রথম কর্ম দিবসে দর্শনা পৌরসভার কর্মকর্তা কর্মচারীদের সাথে বেলা ২টায় পৌর প্রশাসকের কার্যালয়ে মতবিনিময় করেন। দর্শনা পৌরসভার প্রশাসক শাহিন আলম যোগদান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার ওবাইদুর রহমান সাহেল।

এ সময় তিনি বলেন, মানুষের সেবায় হবে আপনাদের একমাত্র লক্ষ্য। দর্শনা পৌরবাসী সেবা গ্রহণ করতে এসে কেউ যেন হয়রানি শিকার না হয়।

তিনি আরো বলেন, আমি জানি পূর্বের প্রশাসকও ভালমনের মানুষ ছিলেন। সাবেক পৌর প্রশাসকের কাছে সেবা নিতে এসে খুশি মনে বাড়ি ফিরতেন পৌরবাসী। তিনি অল্প দিনে দর্শনা পৌরবাসীর মন জয় করতে পেরেছিলেন। সেই সেবা আপনাদের মাধ্যমে দিতেন। আমিও চায় আপনাদের সাথে নিয়ে বর্তমান পৌর প্রশাসক মানুষের সেবা দিবেন।

নবাগত পৌর প্রশাসক শাহিন আলম বলেন, জনগণের চাহিদা থাকে রাস্তাঘাট, ড্রেন পরিষ্কার, রোড লাইট সহ জন্ম মৃত্যু সনদ সহজে পেতে সহায়তা করা। একই সাথে আপনাদেরকে হুশিয়ারী করে বলতে চায়

এখানে কোন দুর্নীতির সুযোগ নাই। যে কারো বিরুদ্ধে অভিযোগ উঠলে সাথে সাথে আইনি ব্যবস্থা নেব। একই সাথে পৌর কর্মচারীদের বকেয়া বেতনভাতা যেটুকু বাকি আছে আমি চেষ্টা করব পরিশোধ করতে।

মতবিনিময় সভায় আরও আলোচনা করেন, দর্শনা পৌরসভার সহকারি প্রকৌশলী ভারপ্রাপ্ত সচিব সাজেদুল আলম, পৌর কর নির্ধারক জাহিদুল ইসলাম, হিসাবরক্ষক আরিফিন হোসেন, লাইসেন্স পরিদর্শক মমিনুল ইসলাম, সহকারী কর আদায়কারী গোলাম কিবরিয়া, শফিকুল ইসলাম, আব্দুর রাজ্জাক পৌরসভার কর্মকর্তা কর্মচারীরা এ সময় উপস্থিত ছিলেন।